দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... JAN. 30 2000 ..
পৃষ্ঠা ১ কলাম ১ ....

10

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতির জন্য কর্তৃপক্ষ দায়ী

## সাধারণ শিক্ষকবৃন্দ

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে গত ২৭শে জানুয়ারী বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষকদের এক সভায় উপস্থিত শিক্ষকবৃন্দ পরিস্থিতির জন্য

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃষ্ঠার পর)

প্রশাসনকে দায়ী করিয়াছেন। শিক্ষকবৃন্দ বলেন, বিশ্ববিদ্যালয় পরিচালনা প্রশাসন গুরুত্বপূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়াছেন। ইহার ফলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীর জীবনকে চরম নিরাপত্তাহীনতায় নিপতিত করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ গাজী সালেহ উদ্দিনের বাসায় বোমা হামলার ঘটনায় শিক্ষকগণ তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করিয়া কর্তৃপক্ষকে ইহার দায়ভার বহন করিতে হইবে বলিয়া উল্লেখ করেন। শিক্ষকবৃন্দ কর্তৃপক্ষকে শক্তি প্রয়োগের পথ পরিহার করিয়া সমঝোতার পথ অনুসরণ করার আহবান জানান। বিশ্ববিদ্যালয়ে বর্তমান প্রশাসনের আমলে বিশ্ববিদ্যালয় চত্বরে ৮ জন ছাত্র হত্যার জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত ও শাস্তি বিধানের লক্ষ্যে অবিলম্বে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের জন্য শিক্ষকগণ কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানান। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক মুহাম্মদ হারুন অর রশিদ, ডঃ মোহাম্মদ শওকতুল মেহের, ডঃ মোহাম্মদ মাহবুব উল্লাহ, ডঃ আ ন মুনির আহমদ চৌধুরী, ডঃ আবুল কালাম আজাদ, ডঃ মুহাম্মদ শামসুদ্দিন, ডঃ ইউসুফ শরীফ, ডঃ মোহাম্মদ লোকমান, মোহাম্মদ তৈয়ব চৌধুরী, এম, কে পাশা, আবদুন নূর, ডঃ মুহাম্মদ নূরুল ইসলাম, ডঃ এম আবদুল ওয়াহাব প্রমুখ।